গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রশাসন শাখা

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে কর্মসূচি চুড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি	মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	০৫ আগস্ট, ২০২১।
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	জুম অনলাইন প্লাটফর্ম।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভাপতি সভার প্রারম্ভে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। অত:পর সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার বঙ্গবন্ধুর ৪৬তম শাহাদত বার্ষিকী যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের উপর গুরুত্বারোপ করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সুরক্ষা সেবা বিভাগের ১৫ জুলাই ২০২১ তারিখের ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০৬.১৭.১৩৬ সংখ্যক পত্র, তৎসংযুক্ত মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ জুলাই ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২১.৩৮০ সংখ্যক পত্রের সিদ্ধান্ত এবং অধিদপ্তরে ২৯ জুলাই ২০২১ তারিখ জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী অদ্যকার সভায় পাঠ করে শুনান।

০২। ২৯ জুলাই ২০২১ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়।

০৩। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

ক্র:	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/কর্মকর্তা
২.১	স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও এর আওতাধীন কার্যালয়সমূহে (বিভাগ ও জেলা পর্যায়ের) ১৫ আগস্ট, ২০২১ তারিখে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে সামাজিক দুরুত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগ হতে জারীকৃত স্বাস্থ্যবিধি অনুসরণ করে যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালন করবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়।

২.২	১৫ আগস্ট ২০২১ তারিখ জাতীয় শোক দিবসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ অধীনস্থ সকল অফিসে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। এ ক্ষেত্রে বাংলাদেশ পতাকা বিধিমালা, ১৯৭২ অনুসরণ করতে হবে। জাতীয় পতাকার মাপ ও রং যথাযথ হতে হবে। কোনভাবেই ছেড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার করা যাবে না।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়।
২.৩	১৫ আগস্ট ২০২১ তারিখ সকাল ৬.৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ বিষয়ে অধিদপ্তরের অংশগ্রহণ নিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের নির্দেশনার পর সিদ্ধান্ত গ্রহণ করা হবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা।
২.৪	১৫ আগস্ট ২০২১ তারিখ জাতীয় শোক দিবসে সকাল ১০.০০ ঘটিকায় অধিদপ্তরের মহাপরিচালক ও সহকারী পরিচালক (কমন সার্ভিস)সহ সর্বোচ্চ ৫ জন কর্মকর্তা-কর্মচারী প্রধান কার্যালয়ে স্থাপিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা।
২.৫	অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ১৫ আগস্ট ২০২১ তারিখ জাতীয় শোক দিবসে বেলা ১০.৩০ ঘটিকায় আলোচনা সভা ও দোয়া মাহফিল ভার্চুয়ালি অনুষ্ঠিত হবে। বিভাগীয় কার্যালয়সমূহ প্রধান কার্যালয়ের আলোচনা সভা ও দোয়া মাহফিলে ভার্চুয়ালি সংযুক্ত হতে পারেন। জেলা পর্যায়ের কার্যালয়সমূহে জেলা প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক কর্মসূচি পালন করবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়।
২.৬	জাতীয় শোক দিবসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ আওতাধীন সকল কার্যালয় পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়।

২.৭	দোয়া মাহফিল পরিচালনার জন্য পরিচালক (নিরোধ শিক্ষা) যথোপযুক্ত একজন ইমামকে দায়িত্ব প্রদানে ব্যবস্থা গ্রহণ করবেন। দোয়া মাহফিলে ইমাম ভার্চুয়ালি সংযুক্ত থাকবেন। তবে দোয়া মাহফিল পরিচালনার ক্ষেত্রে ইমামের বিকল্প হিসেবে অধিদপ্তরের সহকারী রাসায়নিক পরীক্ষক জনাব মো: শফিকুল ইসলাম সরকার প্রস্তুত থাববেন।	পরিচালক (নিরোধ শিক্ষা) এবং সহকারী পরিচালক (কমন সার্ভিস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২.৮	জাতীয় শোক দিবস উপলক্ষ্যে প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে যে ব্যানার/ড্রপডাউন ব্যানার ব্যবহার করা হবে তার নমুনা পরিচালক (নিরোধ শিক্ষা) সরবরাহ করবেন।	পরিচালক (নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২.৯	১৫ আগস্ট, ২০২১ তারিখে জাতীয় শোক দিবসে অধিদপ্তরের অধীনস্থ সকল কার্যালয়ে (বিভাগীয় কার্যালয়, মেট্রো কার্যালয়, জেলা কার্যালয়, বিভাগীয় গোয়েন্দা কার্যালয় ও অন্যান্য) জাতীয় পতাকা যথাযথভাবে অর্ধনমিত রাখতে অধিদপ্তরের বিভাগীয় অতিরিক্ত পরিচালকগণ নিশ্চিত করবেন। এ ক্ষেত্রে বাংলাদেশ পতাকা বিধিমালা, ১৯৭২ অনুসরণ করতে হবে এবং জাতীয় পতাকার মাপ ও রং যথাযথ হতে হবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়।
২.১০	আলোচনা সভা ও দোয়া মাহফিলসহ জাতীয় শোক দিবসের সকল কর্মসূচিতে জাতির পিতার ছবি সম্বলিত সকল পোস্টার ও স্লোগান নির্বাচনের আগে মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সম্মতি গ্রহণ করতে হবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়।
২.১১	জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ হতে এতদসংক্রান্ত জারীকৃত সকল নির্দেশনা/সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়।

৩। চলমান কোভিড-১৯ মহামারী/অতিমারীর সময় অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারবর্গের নিরাপত্তা কামনা করে এবং জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালন নিশ্চিতকরণের আহবান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৫.০১.০০৯.২১.৭৩

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৮
১০ আগস্ট ২০২১

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদকঅনুবিভাগ)।
২) পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৩) প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৪) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
৫) সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬) সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
৭) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৮) উপপরিচালক (..........................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো:কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,...............................।
৯) সহকারী পরিচালক (..........................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন..........................।
১০) সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১১) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩) অফিস কপি।

মোহাম্মদ মামুন
উপপরিচালক